



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৪৭৩১/ ৭১৬ /পাবনা-১১৬

তারিখ: ২১.০১.২০২০খ্রি.

বিষয়:- সভাপতি মনোনয়ন বাতিল করণ প্রসঙ্গে

সূত্র :

১. মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৪৭৩১/পাবনা-১১৬/৬৫১; তারিখ: ১৬/০৪/২০১৯ খ্রি.
২. উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং-০৫.৪৩.৭৬৩৩.০০০.৩৬.০০১.১৯/৪৩০; তারিখ: ২৬/০৫/২০১৯ খ্রি.
৩. মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৪৭৩১/৬৭৪/পাবনা-১১৬; তারিখ: ০৮/০৮/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পাবনা জেলার ফরিদপুর উপজেলাধীন আল্লাহ আবাদ দাখিল মাদ্রাসার সভাপতি জনাব মো: সবুজ আকন্দ একক ক্ষমতাবলে বিধি-বহির্ভূতভাবে ক্ষমতার অপব্যবহার করায় মাদ্রাসার ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ সভাপতির বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক সরেজমিনে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর, পাবনাকে সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর, পাবনা সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় সভাপতি জনাব মো: সবুজ আকন্দ এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্য কর্তৃক দাখিলকৃত অভিযোগ সত্য মর্মে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন।

এমতাবস্থায়, অভিযোগের বিষয়টি অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত সভাপতিকে কেন তার সভাপতি মনোনয়ন বাতিল করা হবে না সে বিষয়ে জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব অভিযুক্ত সভাপতি অদ্যাবধি প্রেরণ করেন নাই।

বর্ণিত অবস্থায় বোর্ডের নির্দেশ অমান্য করাসহ অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা প্রবিধানমালা, ২০০৯ এর ৩৮(১) ধারা মোতাবেক উক্ত মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: সবুজ আকন্দের মনোনয়ন নির্দেশক্রমে বাতিল করা হলো।


২১.০১.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

সুপার,

আল্লাহ আবাদ দাখিল মাদ্রাসা

পো: আল্লাহ আবাদ, উপজেলা: ফরিদপুর, পাবনা

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৪৭৩১/ ৭১৬ /পাবনা-১১৬

তারিখ: ২১.০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পাবনা;
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর, পাবনা;
৪. সভাপতি (মনোনয়ন বাতিলকৃত), আল্লাহ-আবাদ দাখিল মাদ্রাসা, পো: আল্লাহ আবাদ, উপজেলা: ফরিদপুর, পাবনা;
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪